গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১২৪/২০২২-২০২৩
ময়মনসিংহ, ০৩ এপ্রিল, সোমবার ২০২৩, ২০ চৈত্র ১৪২৯

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

০১। নতুন দেশে বৈদেশিক কর্মসংস্থানের অনুসন্ধানে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

০২। মসিকের উদ্যোগে গৃহস্থালি বর্জ্য থেকে তৈরি হবে কম্পোস্ট

০৩। ময়মনসিংহে ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্‌যাপিত

০৪। এবার ফিতরা সর্বনিম্ন ১১৫ টাকা

০৫। এপ্রিলে এলপিজির দাম কমলো ১৭%

## ০১। নতুন দেশে বৈদেশিক কর্মসংস্থানের অনুসন্ধানে প্রধানমন্ত্রীর গুরুত্বারোপ

প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন দেশে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ অন্বেষণ এবং সেখানে দক্ষ জনশক্তি পাঠানোর ওপর গুরুত্বারোপ করে প্রবাসী বাংলাদেশিদের বৈধ মাধ্যমে দেশে রেমিট্যান্স পাঠানোর আহ্বান জানিয়েছেন। রবিবার (০২ এপ্রিল) নিজ বাসভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান সংক্রান্ত জাতীয় স্টিয়ারিং কমিটির দ্বিতীয় বৈঠকের সূচনা বক্তব্যে এ আহ্বান জানান প্রধানমন্ত্রী। সরকার ইতিমধ্যে কয়েকটি নতুন দেশে কর্মী পাঠানো শুরু করেছে উল্লেখ করে এসময় প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের দক্ষ জনশক্তি পাঠাতে হবে এবং সেজন্য আমরা কর্মীদের বহুমুখী প্রশিক্ষণের ব্যবস্থা করেছি'। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক খবর, দৈনিক ঈষিকা, দৈনিক আজকের খবর, দৈনিক কিষাণের দেশ ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

## ০২। মসিকের উদ্যোগে গৃহস্থালি বর্জ্য থেকে তৈরি হবে কম্পোস্ট

গৃহস্থালি বর্জ্য থেকে কম্পোস্ট সার উৎপাদনের উদ্যোগ নিয়েছে ময়মনসিংহ সিটি কর্পোরেশন (মসিক)। এ লক্ষ্যে রবিবার (০২ এপ্রিল) ময়মনসিংহের শহীদ শাহবুদ্দীন মিলনায়তনে গ্রামীণ মানবিক উন্নয়ন সংস্থা (গ্রামাউস) এর সাথে এক সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে মসিক। এর আওতায় গ্রামাউস ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্মিত আকুয়ার কম্পোস্ট প্ল্যান্টে দৈনিক প্রায় ২০ টন গৃহস্থালী বর্জ্য থেকে কম্পোস্ট সার তৈরি করবে। মসিকের পক্ষে সিটি মেয়র মো. ইকরামুল হক টিটু এবং গ্রামাউসের পক্ষে প্রতিষ্ঠানটির নির্বাহী পরিচালক মো. আব্দুল খালেক এ সমঝোতা স্মারক স্বাক্ষর করেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা ও দৈনিক কিষাণের দেশ।

## ০৩। ময়মনসিংহে ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্‌যাপিত

বর্ণাঢ্য র‍্যালি, আলোচনা সভা, পুরস্কার বিতরণ, প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার বিতরণের মধ্য দিয়ে ময়মনসিংহে যথাযোগ্য মর্যাদায় ১৬তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে রবিবার (০২ এপ্রিল) সকালে নগরীর শ্যামাচরণ রোডস্থ বুদ্ধি প্রতিবন্ধী ও অটিজম বিদ্যালয়ের সম্মুখ হতে এক বর্ণাঢ্য র‍্যালি বের হয়। র‍্যালি শেষে শিল্পাচার্য জয়নুল আবেদিন পার্কের বৈশাখী মঞ্চে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ জেলা প্রশাসক মো. মোস্তাফিজার রহমান। আলোচনা শেষে চিত্রাংকন প্রতিযোগিতায় বিজয়ী প্রতিবন্ধীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পরে ৬ জন প্রতিবন্ধীর মাঝে হুইল চেয়ার বিতরণ করেন জেলা প্রশাসক। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন।

## ০৪। এবার ফিতরা সর্বনিম্ন ১১৫ টাকা

চলতি বছর জনপ্রতি সর্বনিম্ন ফিতরা ১১৫ টাকা নির্ধারণ করা হয়েছে। আর ফিতরার সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ করা হয়েছে ২,৬৪০ টাকা। ন্যূনতম ফিতরার এই হার গতবারের চেয়ে ৫৩ শতাংশ বেশি। রবিবার (০২ এপ্রিল) সকালে ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে অনুষ্ঠিত জাতীয় ফিতরা নির্ধারণ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় ফিতরা নির্ধারণ কমিটির সভাপতি ও বায়তুল মোকাররম জাতীয় মসজিদের খতিব হাফেজ মাওলানা মুফতি মোহাম্মদ রুহুল আমিন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ, দৈনিক দেশের খবর, দৈনিক আজকের খবর ও দৈনিক কিষাণের দেশ।

## ০৫। এপ্রিলে এলপিজির দাম কমলো ১৭%

চলতি এপ্রিল মাসে রান্নায় ব্যবহৃত আমদানি করা তরল প্রাকৃতিক গ্যাসের (এলপিজি) দাম কেজিতে ২০ টাকা ৩৭ পয়সা (আগের তুলনায় ১৭%) কমিয়েছে সরকার। রবিবার (০২ এপ্রিল) বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশনের (বিইআরসি) হলরুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে নতুন দাম ঘোষণা করেন বিইআরসি'র চেয়ারম্যান মো. নুরুল আমিন। ১৪৪ টাকা কমিয়ে ১২ কেজি সিলিন্ডারের দাম ১ হাজার ১৭৮ টাকা নির্ধারণ করা হয়েছে। একইভাবে দাম কমেছে অটো গ্যাসেরও। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক সবুজ, দৈনিক নিউ টাইমস, আজকের বাংলাদেশ ও দৈনিক কিষাণের দেশ।

## সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ:** অনলাইন প্লাটফর্মকে ব্যবহার করে নানা ধরণের অপরাধী চক্র সক্রিয়। জাল টাকার কারবারও এখন অনলাইনে চলছে। বিভিন্ন পেজ খুলে জাল টাকার বিজ্ঞাপন দেয়া হচ্ছে। জাল টাকা তৈরি ও কেনাবেচার সাথে জড়িতদের সঙ্গে সংশ্লিষ্ট এলাকাগুলোতে গোয়েন্দা নজরদারি আরও বাড়াতে হবে। জনসাধারণকেও জাল টাকার বিষয়ে সচেতন হতে হবে।

**(খ)** **দৈনিক স্বজন:** স্বাস্থ্যখাত ও এ খাতের সঙ্গে সংশ্লিষ্টদের অনিয়ম-অব্যবস্থাপনা রোধে কঠোর নজরদারি জরুরি। দেশে কার্যকর কোনো স্বাস্থ্যনীতি নেই। আগামী ৫০ বছরের জন্য স্বাস্থ্যখাতের রূপরেখা নিয়ে আমাদের এখন থেকেই ভাবতে হবে।

**(গ)** **দৈনিক সবুজ:** যানজট নিরসনে নানা কথা, নানা উদ্যোগের কথা শোনা গেলেও এর সমাধান হচ্ছে না। সড়ক পরিবহন আইন-২০১৮ কার্যকর নেই। এটি বাস্তবায়িত হলে সড়কে অনেকটা শৃঙ্খলা ফিরবে। আইন বাস্তবায়নে এর মূলে হাত দিতে হবে, বিআরটিএকে দুর্নীতিমুক্ত করতে হবে।

**(ঘ)** **দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা, দৈনিক কিষাণের দেশ ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন:** শিশু নির্যাতন দিন দিন বেড়েই চলেছে। শিশু নির্যাতন বন্ধে প্রতিটি ইউনিয়নে শিকড়ওয়ালা একটি শিশু বান্ধব প্রতিষ্ঠান গড়ে তুলতে হবে। আইন-শৃঙ্খলা বাহিনীকে আরো সহায়ক ও সচেতন হতে হবে।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। যুদ্ধেই তো আজকের বাংলাদেশ- ফারুক যোশী (দৈনিক স্বজন)

০২। আয়বৈষম্য টেকসই উন্নয়নের প্রতিবন্ধক- এম এ খালেক (দৈনিক নিউ টাইমস)

০৩। রমজানে ব্যবসায়ীরা সংবেদনশীল হোন- ড. মিহির কুমার রায় (আজকের বাংলাদেশ)

০৪। গবেষণার নতুন সময়!- ডক্টর মোহাম্মদ আসাদুজ্জামান চৌধুরী (দৈনিক দেশের খবর, দৈনিক ঈষিকা, দৈনিক কিষাণের দেশ ও দৈনিক উর্মিবাংলা প্রতিদিন)

#

রিদওয়ান/ফয়সাল/রেজভী/সজিব/২০২৩/০৯.৩০ ঘণ্টা।